

জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

ঢাকা।

website:www.janatabank-bd.com

ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট

ফোন: ৯৫৬৫৩৮৫, ৯৫৫১৭২৬

প্রচার বিজ্ঞপ্তি নং-২৮০/১৮

তারিখঃ ২০/০৬/২০১৮ খ্রিস্টাব্দ

০৬/০৩/১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/ বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ- জনাব জেসমিন মতিন, সিনিয়র প্রিন্সিপাল অফিসার (এসপিও-৩১২৩), জনতা ব্যাংক লিমিটেড, এরিয়া অফিস, নারায়নগঞ্জ এর ব্রেইন স্ট্রোক ও প্যারালাইজড রোগের চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্তে ব্যাংকের সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে মানবিক কারণে আর্থিক সহায়তা প্রদানের আহবান জানিয়ে এক দিনের লাঞ্চ সাবসিডি প্রদান প্রসংগে।


মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে জনতা ব্যাংক লিমিটেড এর সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, জনতা ব্যাংক লিমিটেড, এরিয়া অফিস, নারায়নগঞ্জ এর সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব জেসমিন মতিন (এসপিও-৩১২৩) ব্রেইন স্ট্রোকে আক্রান্ত হয়ে স্কায়ার হাসপাতাল, ঢাকায় ও বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতাল, ঢাকায় চিকিৎসা করান। তিনি বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতাল, ঢাকায় ব্রেইন অপারেশন করান এবং অপারেশনের পর তার ডানপাশ অবশ হয়ে যায়। বর্তমানে তিনি একই হাসপাতালে চিকিৎসাধীন আছেন। ইতোমধ্যে আলোচ্য চিকিৎসা বাবদ প্রায় ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা খরচ করেছেন এবং উন্নত চিকিৎসা করাতে আনুমানিক আরো ২০.০০ লক্ষ থেকে ২৫.০০ লক্ষ টাকা ব্যয় হতে পারে মর্মে আবেদনে উল্লেখ করেছেন। অত্যন্ত ব্যয়বহুল এ চিকিৎসা ব্যয় নির্বাহ করা তাঁর নিজের ও পরিবারের আত্মীয় স্বজনদের আর্থিক ক্ষমতার বাইরে। ফলে তিনি জনতা ব্যাংক লিমিটেড এর সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে আর্থিক সাহায্যের আবেদন করেন।

এরূপ সংকটময় পরিস্থিতিতে ব্যাংকের বিপুল সংখ্যক সহকর্মীদের মানবিক সাহায্যের দ্বারা উন্নত চিকিৎসায় সুস্থ হয়ে যেতে পারে একজন সহকর্মী।

এমতাবস্থায়, অত্র ব্যাংকের সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে স্বেচ্ছায় এক দিনের লাঞ্চ সাবসিডি অথবা সম্ভব হলে প্রত্যেকের সাধ্যমত তার চেয়ে বেশী পরিমান আর্থিক সাহায্য তাঁর সঞ্চয়ী হিসাব নং-৩৪০৬০২৫৯ নাম- জেসমিন মতিন, জনতা ব্যাংক লিমিটেড, বঙ্গবন্ধু রোড কর্পোরেট শাখা, নারায়নগঞ্জ এর মাধ্যমে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত


এম এইচ এম জাহাঙ্গীর
উপ-মহাব্যবস্থাপক


নাছিমা আক্তার
মহাব্যবস্থাপক